



## ভিসির পদত্যাগ একটি সঠিক সিদ্ধান্ত শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ারুল্লাহ চৌধুরীর পদত্যাগকে একটি সঠিক সিদ্ধান্ত বলে উল্লেখ করেছেন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক। গতকাল ভিসির পদত্যাগের পর প্রতিক্রিয়ায় শিক্ষামন্ত্রী এ মন্তব্য করেন। শিক্ষামন্ত্রী বলেন, আমরা মনে করি ভিসি এক সুচিন্তিত এবং সুবিবেচনাপ্রসূত পদক্ষেপ নিয়েছেন। শিক্ষামন্ত্রী আশা প্রকাশ করে বলেন, ভিসির পদত্যাগের পর অনশনরত ছাত্র-ছাত্রীরা তাদের অনশন ভঙ্গ করে ছাত্র-শিক্ষক সবাই বিচার বিভাগীয় তদন্ত কমিটিকে সহযোগিতা করবে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আশা করি শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে এবং ছাত্র-ছাত্রীরা তাদের নিয়মিত পড়াশোনায় যোগদান করবে।

৫-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা প্রতিমন্ত্রীর প্রতিক্রিয়া  
শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক মিলন ইনকিলাবকে তার প্রতিক্রিয়ায় গতকাল জানান, ভিসি আনোয়ারুল্লাহ চৌধুরীর পদত্যাগ একটি সঠিক সিদ্ধান্ত।